JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক এবং ইজরায়েলের মধ্যে অর্থনৈতিক উন্নয়নের অংশীদারীত্বের সুদূরপ্রসারী ক্রমের কথা ঘোষণা করেছেন

গত সপ্তাহের সংহতি যাত্রার (Solidarity Trip) ফলস্বরুপ, UAV/ড্রোনস, পরিবহন ব্যবস্থা, এনার্জি, সাইবার নিরাপত্তা, আর্থিক প্রযুক্তি এবং স্বাস্থ্য সেবা প্রযুক্তি এবং গবেষণার উপর জোড় দিতে একত্রে কাজ করা

উদ্ভাবনকে ত্বরান্বিত করতে এবং দুটি রাষ্ট্রের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক উন্নত করতে 17টি ইজরায়েলী সংস্থা ছয়টি নিউ ইয়র্ক স্টেট এজেন্সির সাথে কাজ করবে

গভর্নরের সাম্প্রতিক ইজরায়েল সফরের ফলস্বরুপ নিউ ইয়র্ক স্টেট এবং ইজরায়েলের মধ্যে অর্থনৈতিক উন্নয়নের যে বিস্তৃত পরিসরের অংশীদারীত্ব গড়ে উঠেছে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ তা ঘোষণা করেছেন। প্রশাসন এবং বিভিন্ন মুখ্য নিউ ইয়র্ক স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ইজরায়েলী সংস্থাগুলির সাথে UAV/ড্রোন, পরিবহন ব্যবস্থা, এনার্জি, সাইবার নিরাপত্তা, আর্থিক প্রযুক্তি এবং স্বাস্থ্য সেবা শিল্পগুলিতে একগুচ্ছ চুক্তি স্বাক্ষর করেছে।

"আমাদের অর্থনীতি আগের যে কোনো সময়ের থেকে বেশি শক্তিশালী এবং সফরের সময় আমাদের বার্তা ছিল সরল: ব্যবসার জন্য নিউ ইয়র্কের দুয়ার সবসময় খোলা", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের সংহতি যাত্রায়, ইজরায়েলী সংস্থাগুলির সাথে যৌথভাবে কাজ করার প্রকৃত সুযোগ থাকা মুখ্য বিষয়গুলির উপর আমরা জোড় দিয়েছি কারণ যখন ইজরায়েলী নতুন ব্যবসাগুলি যখন নিউ ইয়র্ককে বেছে নেবে, তখন উভয় দেশের অর্থনৈতিক উন্নয়নের অভাবনীয় সম্ভাবনা থাকবে। আমি আত্মবিশ্বাসী যে আজকের ঘোষিত উদ্যোগগুলি নিউ ইয়র্ক এবং ইজরায়েলের মধ্যে থাকা ব্যবসাগুলির বর্তমান অংশীদারীত্বগুলি গঠন করবে, এবং দুই দেশের মানুষদের একে অপরের আরও কাছে নিয়ে আসবে।"

এই ঘোষণাগুলি গত সপ্তাহে এম্পেয়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং ইজরায়েল ইনোভেশন অথোরিটির (Israel Innovation Authority) মধ্যে স্বাক্ষরিত 2 মিলিয়ন ডলারের অংশীদারীত্বের চুক্তির উপর গঠিত যা নিউ ইয়র্ক এবং ইজরায়েলের মধ্যে অর্থনৈতিক উন্নয়নের বন্ধনগুলিকে আরও দৃঢ় করবে। চুক্তিটি, সাইবার নিরাপত্তা, সাপ্লাই চেইন, স্মার্ট সিটি, শক্তি, মানব চালকহীন উড়োজাহাজ, জীবন বিজ্ঞান এবং অন্যান্য ক্ষেত্রের উদ্ভাবনী সমাধানসমূহের সহ-উন্নয়ন ও বাণিজ্যিকীকরণে পারস্পরিক সহযোগিতাকে অন্তর্ভুক্ত করে। চুক্তির অংশ হিসেবে নিউ ইয়র্ক এবং ইজরায়েল স্মার্ট সিটিজ ইনোভেশন পার্টনারশিপ (Smart Cities Innovation

Partnership) নামে একটি নতুন উদ্যোগ গ্রহণ করবে যার আওতায় উদ্ভাবনী প্রযুক্তিসমূহ, গবেষণা, মেধা ও ব্যবসায়িক সম্পদসমূহ নিউ ইয়র্ক এবং ইজরায়েলের শহরগুলোর মধ্যে শেয়ার করা হবে। গভর্নর আরো ঘোষণা করেন যে নিউ ইয়র্কের হট স্পট এবং ইনকিউবেটর প্রোগ্রামসমূহ এখন এম্পায়ার স্টেটে বিনিয়োগ করতে ইচ্ছুক ইজরায়েলি কোম্পানিগুলোর উপর নতুন করে গুরুত্বারোপ করবে।

এই সপ্তাহের সফরে সম্পন্ন করা বহু পদক্ষেপ ও চুক্তির মধ্যে, গভর্নর নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে অর্থনৈতিক উন্নয়নের জন্য বিভিন্ন যৌথ প্রচেষ্টার কথা ঘোষণা করছেন:

মোহক ভ্যালিতে আনম্যানড এয়ারক্র্যাফট সেন্টার অফ এক্সিলেন্সে (Unmanned Aircraft Center of Excellence) থাকা তিনটি ইজরায়েলী সংস্থা

UAS সেন্টার অফ এক্সিলেন্স (UAS Center of Excellence) তৈরি করতে নিউ ইয়র্ক-ইজরায়েলের অংশীদারীত্ব: এম্পেয়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্ক স্টেটে একটি নতুন আনম্যানড এরিয়াল সিস্টেমস রিসার্চ অ্যান্ড টেস্টিং সেন্টার অফ এক্সিলেন্স (Unmanned Aerial Systems Research and Testing Center of Excellence) স্থাপনে একটি 250,000 ডলারের পরিকল্পনা অনুদান প্রদান করবে। সেটি তৈরি করবে CenterState CEO-র একজন প্রাতিষ্ঠানিক অংশীদার নুএয়ার এলায়েন্স (NUAIR Alliance)। আধুনিক যুগের UAS (আনম্যানড এরিয়াল সিস্টেমস) এবং UAS যানবাহন পরিচালনা প্রযুক্তিগুলিকে উন্নত করতে, এবং বিনিয়োগ এবং ব্যবসায়িক উন্নয়নগুলিকে আকর্ষণকারী শিল্পের একটি কেন্দ্র তৈরি করতে সরকারি এবং বেসরকারি অংশীদারীত্ব গড়ে তোলার জন্য কৌশলগতভাবে সংস্থাগুলিকে তাদের প্রচেষ্টায় নিয়োজিত করা হয়েছে। প্রযুক্তিগুলিকে উন্নত করার উপর জোড় দিতে নিউ ইয়র্ক এবং ইজিরায়েলী সংস্থাগুলি নতুন সেন্টার অফ এক্সিলেন্সগুলিকে ব্যবহার করবে, যা নিউ ইয়র্কের ড্রোনের বাজারে ইজরায়েলী প্রযুক্তি এবং গবেষণা ও উন্নয়নকে নিয়ে আসবে এবং নিউ ইয়র্ক স্টেটের UAS সংস্থাগুলির কাছে ইজরায়েলের বাজারকে খুলে দেবে। তিনটি ইজরায়েলী টেন্যান্ট সংস্থা - ভোরপাল, ফ্লাইট্রেক্স এবং সিভড্রোন (Vorpal, Flytrex and CivDrone) - ইতিমধ্যে NUAIR এর সাথে কাজ করার এবং তাদের এই নতুন সেন্টার অফ এক্সিলেন্স ব্যবহার করার কথা দিয়েছে। এই সপ্তাহে, ফ্লাইট্রেক্সের প্যাকেজ ডেলিভারি ড্রোনের উপর সজ্জিত প্যারাসুট সিস্টেম, নিউ ইয়র্কের রোমে, গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে (Griffiss International Airport) নিউ ইয়র্ক UAS পরীক্ষা কেন্দ্রে NUAIR দ্বারা পরীক্ষা সম্পূর্ণ হওয়ার পরে প্যারাসুটের ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ডের উপযুক্ত হিসাবে বৈধতা অর্জন করেছে।

নিউ ইয়র্ক স্টেটের আরও সম্প্রসারণের অংশ হিসাবে UAS সংস্থা সিভড্রোন (Civdrone) প্রদর্শনী দিবসের আয়োজন করবে: GENIUS NY (জিনিয়াস নিউ ইয়র্ক) প্রোগ্রামে সিভড্রোনের সাফল্য বিনিয়োগের আগ্রহকে বাড়িয়ে তুলবে যা সংস্থাগুলি নিউ ইয়র্ক স্টেটে আগে যে সম্প্রসারণের পরিকল্পনা করেছিল তাকে আরও বাড়িয়ে তুলবে। সিভড্রোনের প্রধান নির্বাহী কর্মকর্তা টম ইয়েশুরুন, বাস্তব নির্মাণকে তার পরিকল্পিত ডিজাইনের সাথে সমন্বিত করতে সহায়তা করার কথা মাথায় রেখে সিভড্রোন UAS সামগ্রীর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ অ্যাপ্লিকেশন হিসাবে কন্ট্র্যাক্টর এবং সিভিল ইঞ্জিনিয়ারিং সংস্থাগুলির জন্য একটি প্রদর্শনী দিবসের আয়োজন করতে একটি উপযুক্ত নির্মাণের স্থান নির্বাচন করার জন্য স্টেটে সফর করবেন। প্রদর্শনী দিবসটি আগস্টের মাঝামাঝি অনুষ্ঠিত হবে।

সিভড্রোন নির্মাণ শিল্পের জন্য এন্টারপ্রাইজ ড্রোনগুলিতে দ্রুত, বিশ্বস্ত এবং স্বনিয়ন্ত্রিত চিহ্নিতকরণ সমাধান গড়ে তোলে। জমি জরিপের কাজটির ডিজিটালাইজেশন এবং স্বয়ংক্রিয়করণ উত্পাদনশীলতা বৃদ্ধি করে এবং ব্যয় সংকোচের পাশাপাশি নির্মাণ সময় হ্রাস করে।

মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) প্রযুক্তির আধুনিকীকরণ করতে কর্নেল টেক (Cornell Tech) অগ্রণী ভূমিকা নেবে

কর্নেল টেক এবং MTA-র সাথে মোবিলিটি কনফারেন্সের ভবিষ্যত: কর্নেল টেক, কর্নেল ইউনিভার্সিটি (Cornell University) এবং টেকনিয়ন-ইজরায়েল ইনস্টিটিউট অফ টেকনোলজির (Technion-Israel Institute of Technology) মধ্যে একটি যৌথ শিক্ষামূলক উদ্যোগ, এবং MTA, নিউ ইয়র্ক সিটিতে সর্বাধিক অসন্তোষজনক প্রতিদ্বন্দ্বীতার সম্মুখীন হওয়া পরিবহন ব্যবস্থার সমাধানগুলি অন্বেষণ করতে শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসা, প্রশাসন এবং প্রযুক্তি থেকে স্বদেশী ও আন্তর্জাতিক চিন্তাশীল ব্যক্তিদের নিয়ে আসবে। ইজরায়েলে মাত্র কয়েক ঘণ্টায় সৃষ্ট বন্ধুভাবাপন্নতা এবং সহযোগিতার উদ্দীপনাকে, MTA-র প্রাচীন পরিকাঠামোর আধুনিকীকরণের নতুন প্রযুক্তি এবং পদ্ধতি সম্পর্কে দুটি পূর্ণ দিনের আলোচনায় এগিয়ে নিয়ে যাওয়ার মাধ্যমে, সম্মেলনটি পরিবহন ব্যবস্থায় উদ্ভাবনী আলোচনাটিকে পরবর্তী পর্যায়ে উন্নীত করবে। আধুনিক এবং চিরাচরিত উভয় বিষয়ের উপর কথোপকথনটির বিশ্বায়ন MTA কে তার নেটওয়ার্কের অংশীদারীত্ব সম্প্রসারিত করার এবং নিউ ইয়র্কবাসীদের একটি আরও উন্নত পরিষেবা প্রদান করার সুযোগ করে দেবে।

পাঁচটি ইজরায়েলী এনার্জি কোম্পানি নিউ ইয়র্ক স্টেটে প্রবেশ করছে

নিচে উল্লিখিত নতুন সম্পর্কটি নিউ ইয়র্ক স্টেটের ক্লাইমেট লিডারশীপ এবং কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট (Climate Leadership and Community Protection Act), দেশের মধ্যে সর্বাধিক আগ্রাসী জলবায়ু কর্মসূচি, যা স্টেটটিকে 2050 সাল নাগাদ একটি কার্বন-নিরপেক্ষ অর্থনীতির দিকে নিয়ে যাচ্ছে, তাকে সহায়তা করবে।

নিউ ইয়র্ক-ইজরায়েল 2.5 মিলিয়ন ডলার এনার্জি ইনোভেশন চ্যালেঞ্জ: পরবর্তী-প্রজন্মের বৈদ্যুতিক শক্তি চালিত গাড়ীর প্রযুক্তি, ইলেকট্রিক গ্রিডের বিশ্বাসযোগ্যতা, শক্তি সংরক্ষণ এবং চাহিদার স্থিতিস্থাপকতা প্রযুক্তিগুলিকে সহায়তা করতে এনার্জি দক্ষতা এবং পরিচ্ছন্ন শক্তি উত্পাদনে দক্ষতাযুক্ত উদ্ভাবনী ইজরায়েলী সংস্থাগুলির মধ্যে একটি 2.5 মিলিয়ন ডলারের প্রতিযোগিতা আরম্ভ করতে নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) ইজরায়েল স্মার্ট এনার্জি অ্যাসোসিয়েশনের (Israel Smart Energy Association, ISEA) সাথে গাটছাড়া বাঁধছে। প্রতিযোগিতাটি NYPA এবং ISEA কে বিভিন্ন সৃজনশীল সংস্থাকে সনাক্ত করার সুযোগ দেবে এবং গ্রিড বিশ্বস্ততা, সংরক্ষণ, দীর্ঘস্থায়ীত্ব এবং সাশ্রয়যোগ্যতায় গুরুত্বপূর্ণ অগ্রগতিতে সহায়তা করতে বিজয়ীদের বড় আকারের ইউটিলিটি সংস্থাগুলির সাথে কাজ করার সুযোগ করে দেবে, এর সবগুলিই, করদাতা, ইউটিলিটি কোম্পানি এবং পরিবেশের উপকার করবে।

ইজরায়েল-ভিত্তিক জিরো এনার্জি সলিউশন (Zero Energy Solutions), একটি পরিচ্ছন্ন শক্তি কোম্পানি, নিউ ইয়র্ক স্টেটে একটি অফিস খুলবে: ইজরায়েলী পরিচ্ছন্ন শক্তি কোম্পানি জিরো এনার্জি

সলিউশন নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা এবং উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) থেকে 400,000 ডলারের একটি অনুদানের সহায়তায় নিউ ইয়র্ক স্টেটে একটি অফিস খুলবে। নিউ ইয়র্ক যাতে তার শক্তি এবং জলবায়ুর লক্ষ্যগুলি পূরণ করতে পারে তার জন্য যে ইজরায়েলী এনার্জি কোম্পানিগুলি সহায়তা করতে পারবে তাদের সনাক্ত করতে সহায়তা করার জন্য, গত বছর, NYSERDA, ইজরায়েল ইনোভেশন অথোরিটির সাথে একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding, MOU) স্বাক্ষর করেছে। জিরো এনার্জি সলিউশন অটোমেশন প্রযুক্তি তৈরি করে যা বাণিজ্যিক ভবনগুলির শক্তি ব্যবহারের পরিমাণ অন্তত প্রায় 25 শতাংশ হ্রাস করতে সক্ষম করে তোলে, যার ফলে শক্তি খাতে ব্যয় হ্রাস পায়।

নিউ ইয়র্কে তাদের সৃজনশীল সমাধানগুলি পরীক্ষা ও প্রদর্শন করতে NYPA, ইজরায়েলী সাইবার নিরাপত্তা এবং গ্রিড পরিচালনা কোম্পানিগুলির সাথে গাটছড়া বেঁধেছে: ইউটিলিটিগুলির জন্য সারা বিশ্ব জুড়ে যেহেতু সাইবারনিরাপত্তা একটি মূল সমস্যা তাই NYPA, ইজরায়েলী সংস্থা CY-OT এবং SIGASEC Ltd (সিগাসেক লিমিটেড) এর সাথে গাটছড়া বাঁধবে। এই বিষয়ে চুক্তিগুলি নিউ ইয়র্ককে এই গুরুত্বপূর্ণ বিষয়ে একজন পথপ্রদর্শক হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে সহায়তা করবে। NYPA, ইজরায়েলী গ্রিড সেন্সর সংস্থা EGM এবং Vocal Zoom (ভোকাল জুম) এর সাথেও গাটছড়া বাঁধবে। গ্রিড সেন্সর সিস্টেমগুলি NYPA এর মতো ইউটিলিটিগুলিকে উদীয়মান ডিজিটাল প্রযুক্তিগুলির পূর্ণ সুবিধা নিতে সক্ষম করে তুলবে।

NYPA, ইজরায়েলী ইলেকট্রিক কর্পোরেশনের সাথে গাটছড়া বাঁধছে: বাস্তব এবং সাইবার নিরাপত্তা, সেইসাথে গ্রিডের আধুনিকীকরণ, শক্তি সংরক্ষণ এবং বৈদ্যুতিক শক্তিচালিত গাড়ীগুলির মতো সাধারণ স্বার্থ সংক্রান্ত বিষয়ে যৌথ গবেষণা সম্পন্ন করতে, অধিকাংশ স্টেটের মালিকানাধীন, এবং ইজরায়েলের বৃহত্তম ইলেকট্রিসিটি সরবরাহকারী, ইজরায়েল ইলেকট্রিক কর্পোরেশন (Israel Electric Corporation) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেটের মালিকানাধীন বৃহত্তম পাবলিক ইউটিলিটি, NYPA এর সাথে গাটছড়া বাঁধবে। এই যৌথ গবেষণা নিউ ইয়র্ক স্টেটকে আবশ্যিক ক্ষেত্রগুলির অত্যাধুনিক এনার্জি ইনোভেশন এবং সাইবার নিরাপত্তায় একজন পথ প্রদর্শক হিসাবে প্রতিষ্ঠিত করবে।

ইজরায়েলের অগ্রণী লাইফ সায়েন্স প্রযুক্তি প্রবর্তকদের সাথে অংশীদারীত্ব

ALS এর বিরুদ্ধে লড়াই করতে নিউ ইয়র্ক জেনোম সেন্টার (New York Genome Center, NYGC) টেকনিয়ন-ইজরায়েল ইনস্টিটিউট অফ টেকনোলজির (Technion-Israel Institute of Technology) সাথে অংশীদারীত্ব করছে: নিউ ইয়র্ক জেনোম সেন্টার এবং টেকনিয়ন-ইজরায়েল ইনস্টিটিউট অফ টেকনোলজি, ইজরায়েলের আরবী এবং ইহুদি সহ 600 ALS রোগীদের জেনেটিক ম্যাপিং সম্পূর্ণ করতে যৌথভাবে কাজ করবে, এটি হবে ইজরায়েলী ALS রোগীদের এই প্রথম বারের জন্য এইরকম একাধিক-জাতির ম্যাপিংয়ের ঘটনা। ফলস্বরূপ প্রাপ্ত ডেটা NYGC এর গ্লোবাল ALS কনসোর্টিয়ামে 3,000 এরও বেশি ALS জেনোম সিকোয়েন্সের সাথে তুলনা করা হবে। এই নতুন গবেষণার যৌথ প্রচেষ্টা চালু করতে, টেকনিকনের প্রেসিডেন্ট প্রফেসর পিরেটজ লেভি এবং 2004 সালের নোবেল পদকজয়ী প্রফেসর সিয়েচানোভার, ইজরায়েল ALS অ্যাসোসিয়েশনের (Israel ALS Association) পরামর্শদাতা, ডঃ হেমালি পাটনানি, NYGC সেন্টার ফর জেনোমিকস অফ

নিউরোডিজেনারেটিভ ডিজিজ এর ডিরেক্টর এবং ডঃ টম ম্যানিয়াটিস, NYGC এর সায়েন্টিফিক ডিরেক্টর এবং প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে কাজ করেছেন। এই যৌথ প্রচেষ্টা ইজরায়েলের সমস্ত ALS রোগীদের NYGC এর ALS কনসোর্টিয়ামে নথিভুক্ত করার লক্ষ্য রাখা একটি ইজরায়েল-ব্যাপী IsrALS কর্মসূচিকে সংযুক্ত করে।

রোজওয়েল পার্ক (Roswell Park) মাক্কাবি হেলথকেয়ার (Maccabi Healthcare) এবং ইউনিভার্সিটি অফ হাইফার (University of Haifa) সাথে গাটছড়া বেঁধেছে: রোজওয়েল পার্ক কম্প্রিহেনসিভ ক্যান্সার সেন্টার দুটি সমঝোতা স্মারকে (MOU) প্রবেশ করবে: একটি মাক্কাবি হেলথকেয়ার সার্ভিসের সাথে এবং অন্যটি ইউনিভার্সিটি অফ হাইফার সাথে অংশীদারীত্ব। উভয় সমঝোতা স্মারকই আরও উন্নত ক্যান্সার চিকিত্সা, নির্ণয় এবং প্রতিরোধ করার নতুন ধারণাগুলি গড়ে তোলার জন্য কাজ করবে।

নর্থওয়েল হেলথ (Northwell Health) হোস্টিং ইজরায়েলী হেলথ কোম্পানিসমূহ: নিউ ইয়র্কের অন্যতম বৃহত্তম নিয়োগকারী এবং বৃহত্তম হেলথ সিস্টেম, নর্থওয়েল হেলথ ইজরায়েল ইনোভেশন অথোরিটির সাথে তার MOU নবীকরণ করছে এবং সেপ্টেম্বরে নিউ ইয়র্কে ইজরায়েলী ডিজিটাল হেলথ কোম্পানিগুলিকে একত্রিত করবে। কোম্পানিগুলি পরিধানযোগ্য সেন্সর এবং অন্যান্য স্বাস্থ্য মূল্যায়নের এবং নজরদারী যন্ত্রের, সেইসাথে ফার্মাকিউটিকাল থেরাপিউটিক এবং নিদানিক পরীক্ষাগুলি সহ, একগুচ্ছ উদ্ভাবনী কার্যকলাপে নর্থওয়েলের সাথে কাজ করবে।

সাইবারসিকিউরিটি শিল্পের উন্নয়ন ত্বরান্বিত করতে ইজরায়েলে বেন-গুরিও ইউনিভার্সিটির (Ben-Gurion University, BGU) সাথে অংশীদারীত্ব

স্টেট অফ নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (SUNY) নিউ ইয়র্ক-ইজরায়েলী হোমল্যান্ড সিকিউরিটি এবং সাইবারসিকিউরিটি (Homeland Security and Cybersecurity) অংশদারীত্বের সম্প্রসারণ করেছে: কলেজ অফ এমার্জেন্সি প্রিপেয়ার্ডনেস (College of Emergency Preparedness), SUNY আলবেনিতে হোমল্যান্ড সিকিউরিটি এবং সাইবারসিকিউরিটি হল প্রথম একমাত্র কলেজ যা জরুরি প্রস্তুতি, হোমলুয়ান্ড সিকিউরিটি এবং সাইবারসিকিউরিটির জন্য নিবেদিত। সাইবার সিকিউরিটি গবেষণা, শিক্ষা এবং শিল্পে আন্তর্জাতিক মতামত এবং অগ্রগতির উন্নতি বিধানে কলেজটি ইজরায়েলে বেন-গুরিও ইউনিভার্সিটি অফ দি নেজেভ (Ben-Gurion University of the Negev) এর সাথে অংশীদারীত্ব করবে। প্রতিষ্ঠানগুলি সাইবার সিকিউরিটি, গবেষণা এবং শিল্পের পাশাপাশি একটি দ্বৈত ডিগ্রী অন্বেষণ করতে একটি দুই-সপ্তাহের এক্সচেঞ্জ সামিটে একত্রে যোগদান করবে।

ইজরায়েলী সিকিউরিটিজ আর্থিক উদ্ভাবনে যৌথভাবে কাজ করতে সম্মত হয়েছে

আর্থিক প্রযুক্তি (Financial Technology, FinTech) কর্পোরেশনে নিউ ইয়র্ক এবং ইজরায়েলের মধ্যে চুক্তি: নিউ ইয়র্ক স্টেট অর্থ দপ্তর এবং ইজরায়েলের আর্থিক নিয়ন্ত্রক, দি ক্যাপিটাল মার্কেটস ইনসুরেন্স এবং সেভিংস অথোরিটি, দি ইজরায়েল সিকিউরিটিজ অথোরিটি (Israel Securities Authority, ISA), এবং দি ব্যাংক অফ ইজরায়েল (Bank of Israel), নিউ ইয়র্ক এবং ইজরায়েলকে আর্থিক পরিষেবা প্রযুক্তির জন্য উদ্ভাবনের কেন্দ্র করে তুলতে FinTech উদ্ভাবকদের এক

বাজার থেকে অন্য বাজারে প্রবেশ করাকে সহজ করে তুলেছে। ইজরায়েলের, মিলিটারি প্রশিক্ষণের মাধ্যমে সৃষ্ট সাইবার বিশেষজ্ঞের একটি সমৃদ্ধ ভান্ডার দ্বারা পরিপূর্ণ 750 এরও বেশি FinTech কোম্পানি আছে। এই MOU এর মাধ্যমে নিউ ইয়র্ক এবং ইজরায়েল যা করবে: FinTech উদ্ভাবকদের একে অপরের কাছে রেফার করবে, যা বাজারের গতি বৃদ্ধ করবে; বিয়ামক ও নীতিগত সমস্যা সম্পর্কে তথ্য বিনিময় করবে; নিশ্চিত করবে যাতে একে অপরের অধিক্ষেত্রের উদ্ভাবকরা সমান পরিসরের সহায়তা পায়; দক্ষতা শেয়ার করবেন, এবং প্রশিক্ষণের সেশনগুলির সমন্বয় সাধন করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "ইজরায়েলের সাথে নিউ ইয়র্কের শক্তিশালী অর্থনৈতিক উন্নয়ন অংশীদারিত্ব ড্রোন প্রযুক্তি ও ক্যান্সার চিকিৎসার মতো বিচিত্র উদ্যোগগুলোর মাধ্যমে আরো শক্তিশালী করা হবে এবং তা আমাদের স্টেটের উদ্ভাবনী অর্থনীতিকে এগিয়ে নেওয়ার পারস্পরিক শক্তির উপর নির্ভরশীল।"

ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS) এর সুপারইনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "নিউ ইয়র্ক স্টেট এর ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এই চুক্তির মাধ্যমে আমাদের ইজরায়েলি বন্ধু ও নিয়ন্ত্রক কর্তৃপক্ষের সমমানের ব্যক্তিদের সাথে অংশীদারিত্ব করতে পেরে এবং ফিনটেক উন্নয়নে (FinTech development) অপ্রয়োজনীয় বাধাগুলো দূর করা হয়েছে এবং বর্তমান ও ভবিষ্যৎ উদ্ভাবনকে সহায়তার জন্য প্রয়োজনীয় ভোক্তা সুরক্ষা ব্যবস্থা কার্যকর আছে তা নিশ্চিত করার জন্য একসাথে কাজ করতে পেরে আনন্দিত। নিউ ইয়র্ক ও ইজরায়েলের মধ্যকার সুপ্রতিষ্ঠিত সম্পর্ক এই চুক্তির মাধ্যমে বর্ধিত ও সম্প্রসারিত করা হবে যা উভয় দেশের কাজ করার জন্য উদ্যোক্তা ও উদ্ভাবকদের সক্ষমতাকে সহজ করে তুলবে।"

অ্যালিসিয়া বার্টন, প্রেসিডেন্ট ও সিইও, NYSERDA, বলেন, "উদীয়মান নির্মল প্রযুক্তি ক্ষেত্রে গভর্নর কুওমোর দেশের শীর্ষস্থানীয় বিনিয়োগ জিরো এনার্জি সল্যুশনস (Zero Energy Solutions) এর মতো উদ্ভাবনী, দূরসর্শী কোম্পানিগুলোকে তাদের কার্যক্রম বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্কের বাজারে তাদের পণ্য আনয়নে সক্ষম করছে। নির্মল শক্তি কোম্পানিগুলোর প্রসারে সাহায্য করা আমাদের সবুজ অর্থনীতির বৃদ্ধি ও জলবায়ু পরিবর্তন রোধের জন্য গুরুত্বপূর্ণ যা কেবল নিউ ইয়র্কের অগ্রাধিকারের মধ্যে নয়, বরং এটি একটি বৈশ্বিক ইস্যু এবং এই প্রচেষ্টায় আমরা ইজরায়েলের সাথে অংশীদারিত্বে গর্বিত।"

NYPA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা গিল সি. কিনোনস বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে, শক্তি শিল্পে ইজরায়েলি প্রতিষ্ঠানগুলোর সাথে পাওয়ার অথোরিটির অংশীদারিত্ব NYPA এর ডিজিটাল রূপান্তরকালে অমূল্য হয়ে আসছে এবং আমরা প্রত্যাশা করি এই নতুন চুক্তিগুলিও পাশাপাশি সুদূরপ্রসারি সুবিধা আনয়ন করবে। এই নিউ ইয়র্ক-ইজরায়েল অংশীদারিত্ব আমাদের পূর্ববর্তী সহযোগিতার একটি প্রাকৃতিক সম্প্রসারণ এবং—বিশ্বের দুইটি শীর্ষস্থানীয় প্রযুক্তি কেন্দ্র—নিউ ইয়র্ক ও ইজরায়েলকে বৃহত্তর উদ্ভাবন উৎপাদন করার এবং উভয় পক্ষের জন্য এবং সারা বিশ্বের ব্যবহারের জন্য উল্লেখযোগ্য স্থায়ী সুবিধা তৈরি করার সুযোগ প্রদান করবে। এই বিনিয়োগগুলি একটি স্থিতিশীল, নিরাপদ, নবায়নযোগ্য ও সাশ্রয়ী শক্তি ব্যবস্থার জন্য আমাদের সাহসী লক্ষ্যমাত্রা অর্জনে

সাহায্য করবে যা বর্তমানের জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জগুলি মোকাবেলায় আমাদেরকে সক্ষম করবে।"

কর্নেল টেক এর জ্যাকবস টেকনিয়ন-কর্নেল ইনস্টিটিউটের পরিচালক এবং কর্নেল ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স বিভাগের অধ্যাপক রন ব্র্যাচম্যান বলেন, "নিউ ইয়র্ক স্টেট, ইজরায়েল স্টেট ও সারা বিশ্ব বর্তমানে সবচেয়ে বড় যে চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে তা মোকাবেলার জন্য উদীয়মান প্রযুক্তির লাগাম পরাতে নতুন নতুন উপায়গুলো অন্বেষণ করার জন্য এই উদ্যোগে অংশগ্রহণ করতে পেরে আমরা আনন্দিত। গভর্নর কুওমোর নেতৃত্ব ও স্বপ্নকে সাধুবাদ জানাই, এই উদ্ভাবনী সহযোগিতা কর্নেল ইউনিভার্সিটি ও টেকনিয়ন-ইজরায়েল ইনস্টিটিউট অব টেকনোলজির মধ্যকার গভীর অংশীদারিত্বের ভিত্তিস্বরূপ।"

NYGC সেন্টার ফর জিনোমিক্স অব নিউরোডিনারেটিভ ডিজিজ এর পরিচালক ও ডাক্তার টম ম্যানিয়াটিস বলেন, "এই সহযোগিতার লক্ষ্য ALS এর জেনেটিক ভিত্তির উপলব্ধির অগ্রগতি সাধন এবং পরিশেষে নতুন নতুন চিকিৎসার উন্নয়নে নেতৃত্ব দেয়া। যেহেতু আমরা সামনের দিকে অগ্রসর হচ্ছি, আমরা আশা করছি ALS এর সচেতনতা বৃদ্ধি করতে এবং এই গুরুত্বপূর্ণ গবেষণায় অতিরিক্ত মানবহিতৈষী সংস্থাগুলোকে অর্থায়নের জন্য আকৃষ্ট করতে।"

টেকনিয়ন এর প্রেসিডেন্ট প্রফেসর পেরেজ ল্যাভি বলেন, "এটি একটি অনন্য প্রকল্প। ইজরায়েলের সব ALS রোগীকে চিহ্নিতকরণ এই বিধ্বংসী রোগের কারণ আরো ভালোভাবে বুঝতে অমূল্য উপাত্ত প্রদান করবে। ইজরায়েল হবে বিশ্বের একমাত্র দেশ যেখানে প্রত্যেক ALS রোগী নিয়ে গবেষণা করা হবে। এ পর্যন্ত ৪1জন রোগীকে চিহ্নিত করা হয়েছে এবং এবং আমরা আশা করছি এই উচ্চাকাঙ্ক্ষী প্রকল্প সম্পন্ন করার জন্য আরো মানব-হিতৈষী সংস্থাগুলোকে আকৃষ্ট করতে। আমরা গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞ যিনি টেকনিয়ন-NYGC সহযোগিতা চালু করেন যেটি এই গুরুত্বপূর্ণ প্রকল্পে নেতৃত্ব দিয়েছে।"

জিরো এনার্জি সল্যুশন্স এর CEO ইফতাক কোহেন বলেন, "আমরা খুবই আনন্দিত যে NYSERDA অ্যাওয়ার্ড নিউ ইয়র্ক সিটিতে আমাদের নর্থ আমেরিকান অফিস খোলায় সক্ষম করছে। আমরা যুক্তরাষ্ট্রের বাজারে বাণিজ্যিক রিয়েল এস্টেট প্রপার্টিগুলোর জন্য আমাদের সর্বপ্রথম একটি স্মার্ট প্লাগ ও প্লে এনার্জি অপটিমাইজেশন সল্যুশন লার্নিং ক্লাইমেট ইনটেলিজেন্স প্লাটফরমের অবতারণা করতে চাচ্ছি। আমাদের উদ্ভাবনী প্রযুক্তি নিউ ইয়র্ক স্টেটের সাম্প্রতিক পাশকৃত উল্লেখযোগ্য জলবায়ু আইনকে সহায়তা করবে এবং স্টেটকে এর শক্তি সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে সাহায্য করবে।"

ব্যাংকস এর সুপারভাইজার হেডভা বার বলেন, "আমাদের ব্যাংকিং সিস্টেমের প্রযুক্তিগত উন্নয়ন ও উদ্ভাবনকে প্রচার করা ব্যাংক অব ইজরায়েল এর অন্যতম কৌশলগত লক্ষ্য। আমি এই সহযোগিতার জন্য আমার সহকর্মী ও নিউ ইয়র্কের অংশীদারদেরকে ধন্যবাদ জানাই, এই সহযোগিতা উৎকৃষ্ট আন্তর্জাতিক রীতি অনুসারে সব ধরনের ঝুঁকি ব্যবস্থাপনা করা হচ্ছে তা নিশ্চিত করার পাশাপাশি প্রযুক্তির অগ্রগতির চরম সীমায় আমাদের অবস্থানের সক্ষমতাকে সহায়তা করবে।"

ক্যাপিটাল মার্কেটস, ইন্সুরেন্স ও সেভিং অথোরিটির প্রধান মোশি বারকেট বলেন, "ইজরায়েলের ব্যাংক বহির্ভূত ফিনটেক অপারেশন্স এর ভারপ্রাপ্ত নিয়ন্ত্রক হিসেবে, ক্যাপিটাল মার্কেট ও সেভিংস অথোরিটি অন্যান্য বৈশ্বিক ও স্থানীয় নিয়ন্ত্রকদের সহযোগিতা ও তাদের সাথে যৌথ কাজকে স্বাগত জানাচ্ছে। আমি নিশ্চিত যে ফিনটেকে আমাদের নিউ ইয়র্কের সহকর্মীদের সাথে আমরা ফলপ্রসূ ও গঠনমূলক বিনিময় করে যাব যা পরস্পরের জন্য উপকারী হবে।"

ইজরায়েল সিকিউরিটি অথোরিটির চেয়ারওম্যান আনাট গুয়েটা বলেন, "আমরা বুঝি যে ফিনটেক এর প্রযুক্তিগুলো বিনিয়োগকারীর কল্যাণ বৃদ্ধি করতে পারে এবং তা করার জন্য বিনিয়োগকারীদের সম্ভাব্য মূল্য কত তা আমাদেরকে সনাক্ত ও বিশ্লেষণ করতে হবে। আর্থিক ও প্রযুক্তি জগৎ প্রায় সারা বিশ্বে কারযক্রম চালায়। বৈশ্বিক একীভবন তত্ত্বাবধানের একটি গুরুত্বপূর্ণ উপাদান এবং এই চুক্তি অন্যান্য ISA এর বৈশ্বিক কার্যক্রমের সাথে এই একীভবনের একটি গুরুত্বপূর্ণ অংশ।"

ইজরায়েলি ইলেকট্রিক কর্পোরেশন (Israeli Electric Corporation, IEC) এর পরিচালকবর্গের সভাপতি মেজর জেনারেল (অব.) ইফতাচ রন-তাল বলেন, "আমি IEC ও NYPA এর মধ্যকার এই সমঝোতা স্মারক (MOU) সম্পাদন করতে পেরে অত্যন্ত সম্মানিত ও গর্ববোধ করছি। সারা বিশ্বজুড়ে অসংখ্য আক্রমণের প্রভাবের কারণে ইজরায়েলের সর্ববৃহৎ গুরুত্বপূর্ণ অবকাঠামোগত কর্পোরেশন IEC বিশাল ভৌত ও সাইবার নিরাপত্তা অভিজ্ঞতার পাশাপাশি উৎকৃষ্ট মানের উপায় ও প্রক্রিয়া আবিষ্কার করেছে। আমি নিশ্চিত এই MOU উল্লেখযোগ্যভাবে IEC ও NYPA এর মধ্যকার সহযোগিতা ও অংশীদারিত্বে অবদান রাখবে, আমাদের প্রতিরক্ষা ক্ষমতা বৃদ্ধি করবে এবং এই দুইটি কোম্পানি এবং স্টেট অব ইজরায়েল ও যুক্তরাষ্ট্রের মধ্যে গুরুত্বপূর্ণ আগ্রহের ক্ষেত্রগুলোতে অগ্রগতি অর্জনের ভিত্তি প্রদান করবে।"

ইজরায়েল স্মার্ট এনার্জি অ্যাসোসিয়েশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা এলাদ শাভিভ বলেন, "আমরা শক্তি খাতে এই রূপান্তরে সহায়তার জন্য NYPA এর সাথে সহযোগিতা করতে পেরে আনন্দিত। নিউ ইয়র্ক-ইজরায়েল ইনোভেশন চ্যালেঞ্জ (New York-Israel Innovation Challenge) উদ্ভাবনী সমাধান ও বাণিজ্যিক ব্যবহারের মধ্যকার চ্যালেঞ্জিং ব্যবধান ঘোচাতে ব্যাপক সুবিধা আনয়ন করে এবং কর্মসংস্থান ও সেক্টর লিডারশিপ সৃষ্টির পাশাপাশি অপেক্ষাকৃত সুস্থ ও নিরাপদ পরিবেশ বিনির্মাণে নিউ ইয়র্ক ও ইজরায়েল উভয়কে উপকৃত করবে।"

ইলেকট্রিকেল গ্রিড মনিটরিং (Electric Grid Monitoring, EGM) এর প্রধান নির্বাহী কর্মকর্তা আমির কোহেন বলেন, "NYPA ও EGM উভয়ই EGM এর উদ্ভাবিত স্মার্ট সেন্সর, অপটিমাইজড বিগ ডাটা ভিত্তিক পূর্বাভাস ব্যবস্থা ও বিশ্লেষণী প্রযুক্তি নির্ভর NYPA এর ঊর্ধ্বস্থিত রূপান্তর লাইন ব্যবস্থাকে স্মার্ট ও কার্যকরভাবে তদারক করার জন্য সহযোগিতা করছে। EGM এর বিশ্লেষণী ব্যবস্থা সংগৃহীত বিগ-ডাটা প্রক্রিয়াকরণ করে এবং রিয়েল-টাইমের অর্থপূর্ণ উপকারী তথ্য সরবরাহ করে গ্রিডের অপারেশন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করার জন্য। NYPA-EGM প্রকল্পের লক্ষ্য হলো গ্রিডের স্থিতিশীলতা সক্ষমতা বৃদ্ধি, সম্পদের ব্যবহার সম্প্রসারণ ও গ্রিড ও ভোক্তা উভয়ের জন্য নিরপত্তা ব্যবস্থা জোরদার করার মাধ্যমে গ্রিডকে আধুনিকায়ন করা।"

ভোকালজুম (VocalZoom) এর প্রধান নির্বাহী কর্মকর্তা তাল বাকিশ বলেন, "ইন্ডাস্ট্রিয়াল লট (IIoT) কেবল মেশিনগুলোকে মনিটর করা সেন্সরগুলোর মতোই ভালো। দুঃখজনক হলো, অধিকাংশ IIoT সেন্সরগুলো এমন প্রযুক্তি দিয়ে তৈরি করা হয় যা প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণের সমাধানগুলোকে ব্যয়বহুল করে তোলে এবং কিছু গুরুত্বপূর্ণ ব্যবহার ক্ষেত্রের জন্য অনির্ভরযোগ্য হয়ে পড়ে। এই প্রকল্প পাওয়ার ট্রান্সফর্মার মনিটরিংকে আরো বেশি নির্ভুল ও কার্যকর করার বিষয়টি মাথায় রেখে নতুন ভোকালজুম সেন্সরগুলোর ফিল্ড টেস্ট করবে। NYPA এর মনিটরিং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে প্রকল্পটি অধিক স্থিতিস্থাপক এনার্জি সিস্টেম নির্মাণে গভর্নর কুওমোর কৌশলের জন্য সহায়ক হবে।"

সাইবারজিম (CyberGym) এর প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রতিষ্ঠাতা ওফির হ্যাসন বলেন, "নিউ ইয়র্ক এনার্জি মার্কেটের একজন গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী, NYPA এর সাথে অংশীদার হতে পেরে সাইবারজিম সম্মানিত বোধ করছে। পারস্পরিক এই সহযোগিতা নিউ ইয়র্কে সাইবারজিমের অবস্থান সম্প্রসারিত করায় সহায়ক হবে সেই সাথে স্থানীয় পাওয়ার কোম্পানিগুলোর সাইবার নিরাপত্তার স্তর উল্লেখযোগ্য পরিমাণ উন্নীত করবে। আমাদের বিশ্বাস সম্প্রতি স্বাক্ষরিত সমঝোতা স্মারকের ফলে অতিরিক্ত নিরাপত্তা পণ্যের জন্য বিনিয়োগ করা ছাড়াই একটি দীর্ঘমেয়াদী কর্ম পরিকল্পনা এবং আরো নিরাপদ জীবন লাভ করা সম্ভব হবে।"

রসওয়েল পার্ক কম্প্রিহেনসিভ ক্যান্সার সেন্টার (Roswell Park Comprehensive Cancer Center) এর প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যান্ডেস এস. জনসন, পিএইচডি, বলেন, "এই ধরনের যাত্রায় অংশগ্রহণ করার জন্য রসওয়েল পার্ককে আমন্ত্রণ জানানোর জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা প্রত্যেকবার এমন সম্পর্ক ও অংশীদারিত্ব লাভ করেছি যা থেকে সারা বিশ্বের রোগীগণ উপকার লাভ করেছে। ম্যাকাবি হেলথকেয়ার সার্ভিসেস (Maccabi Healthcare Services) ও হাইফা ইউনিভার্সিটির টবার সেন্টারে (Tauber Center), আমরা এমন টিম পেয়েছি যারা ক্যান্সার রোগীদের জন্য ভিন্নতা আনতে এবং ক্যান্সারকে শুধু নিয়ন্ত্রণ নয়, রোধ করার জন্য আমাদেরকে সাহায্য করবে এমন বিজ্ঞান চালিত করতে আমাদের দক্ষতা ও সম্পদ কৌশলগতভাবে প্রয়োগ সম্পর্কে আমাদের মতোই উৎসাহী।"

নর্থওয়েল হেলথ এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল ডাউলিং বলেন, "বিগত দুই বছরের জন্য, রোগীর পরিচর্যার উন্নয়ন করে চিকিৎসা উদ্ভাবনের এমন উন্নয়ন, যাচাইকরণ ও বাস্তবায়ন সম্পর্কে নর্থওয়েল হেলথ ইজরায়েল ইনোভেশন অথোরিটির সাথে সহযোগিতা করে আসছে। আমরা অসংখ্য ইজরায়েলি স্টার্ট-আপ কোম্পানির সাথে আমাদের সহযোগিতা বাড়াতে চাই যারা অনন্য ডিজিটাল স্বাস্থ্য সমাধান অন্বেষণ করছে যা মান উন্নয়নে এবং আমাদের রোগীদের আরো ভালোভাবে সেবা দান করার প্রতিশ্রুতি দেয়। আমরা এমন সম্ভাব্যতাগুলিকে স্বীকৃতির জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই যেগুলো এই উদ্ভাবনী ইজরায়েলি কোম্পানিগুলোর সাথে স্বাস্থ্য পরিচর্যা ও আরো সংখ্য শিল্প প্রতিষ্ঠানে বিদ্যমান।"

বেন গুরিয়ন ইউনিভার্সিটির ভিপি ফর গ্লোবাল এঙ্গেজমেন্ট প্রফেসর লিমোর আহারনসন-ড্যানিয়েল বলেন, "আমরা স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (SUNY) আলবানির সাথে হোমল্যান্ড সিকিউরিটি ও সাইবারসিকিউরিটি অংশীদারিত্বের সম্প্রসারণ করতে চাই। BGU গভর্নর কুওমোর সহায়তার ব্যাপক প্রশংসা করে ও মূল্যায়ন করে যিনি 2015 সালে আলবানিতে CEHC এর

কল্পনা করেছে, 2017 সালে BGU প্রিপেয়ার্ড সেন্টার ফর এমার্জেন্সি রেসপন্স রিসার্চ (BGU PREPARED Center for Emergency Response Research) এর সাথে সংযোগের অনুমোদন করেছে এবং এখন এই অংশীদারিত্বের সম্প্রসারণ করতে চাচ্ছে।"

ইউআলবানি (UAlbany) এর কলেজ অব এমার্জেন্সি প্রিপেয়ার্ডনেস, হোমল্যান্ড সিকিউরিটি ও সাইবারসিকিউরিটি (College of Emergency Preparedness, Homeland Security and Cybersecurity) এর প্রতিষ্ঠাতা ডিন রবার্ট পি. গ্রিফিন বলেন, "গভর্নরের একটি SUNY কলেজের স্বপ্ন তাদেরকে প্রশিক্ষণ দেয়ার জন্য নিবেদিত যারা আমাদের পরিবার ও কমিউনিটিগুলোকে সীমাহীন নিরাপত্তা প্রদান করবে। ইজরায়েলে এবং বেন গুরিয়ন ইউনিভার্সিটিতে আমাদের বন্ধু ও সহকর্মীগণের সাথে শেয়ার, কাজ করা ও শেখার সুযোগ নিউ ইয়র্ক ও সারা বিশ্বে ইউআলবানির মূল্যবোধ ও কৌশলগত মিশনের প্রতিফলন ঘটায়। আমি এই ভিশন, মিশন ও অংশীদারিত্বের অংশ হতে পেরে সম্মানিত বোধ করছি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন